

**“দুধ, মাংস, ডিম আমদানিকে উৎসাহিত না করে
দেশের উৎপাদন বৃদ্ধিই আমাদের লক্ষ্য”
আধুনিক গবেষণাগার, গবেষণার নতুন দিগন্ত উন্মোচন করবে**



পুষ্টিতে স্বয়ংসম্পূর্ণ হতে হলে দুধ, মাংস ও ডিমের উৎপাদন বাড়িয়ে এগুলো আমদানি নিরুৎসাহিত করতে হবে। কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা ব্যয়ে আমদানি করলে ধনীদের পুষ্টি মিলতে পারে কিন্তু গ্রামীণ খামারীদের জীবিকার পথ সংকুচিত হয়ে যাবে, তাদের পরিবারের পুষ্টি বিধান আরও পরাহত হবে। আজ ২৭ ডিসেম্বর ২০১৫ বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর মহিষ গবেষণা উন্নয়ন প্রকল্পের অধিনে বায়োটেকনোলজি গবেষণাগার এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মোহাম্মদ ছায়েদুল হক, মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এ কথা বলেন। তিনি আরও উল্লেখ করেন যে, গবেষণার মাধ্যমে উদ্ভাবনগুলো গ্রাম বাংলার মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য ব্যবহার করতে হবে। আধুনিক গবেষণাগারে লাগসই প্রযুক্তি উদ্ভাবন করে, দেশের খামারীদের আত্মকর্মসংস্থান, অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন করতে হবে এ জন্য গবেষণা কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়ন প্রক্রিয়া একান্ত প্রয়োজন।

তিনি আরো বলেন বায়োটেকনোলজি এ্যাপ্রোচ বিশ্বব্যাপী গবেষণাকে গতিশীল করেছে। জৈব-প্রযুক্তিসমূহ প্রাণির জাত উন্নয়ন, স্বাস্থ্য সমস্যার সমাধান, খাদ্য পুষ্টি ব্যবস্থাপনার মাধ্যমে প্রাণিসম্পদ উন্নয়নে ফলপ্রসূ অবদান রেখে চলেছে।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নূরুল্লাহর এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ এনামুর রহমান, সংসদ সদস্য, ঢাকা-১৯।

বিশেষ অতিথির ভাষণে ডাঃ মোঃ এনামুর রহমান, সংসদ সদস্য, ঢাকা-১৯ বলেন দেশের একমাত্র প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট থেকে অধিক মাত্রায় খামারী পর্যায়ে প্রযুক্তি উদ্ভাবিত হব্বা থেকে খামারীরা লাভবান হবেন। পাশাপাশি দেশের পুষ্টি চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সভাপতির ভাষণে ড. নূরুল্লাহর বলেন, গবেষণা কাজে আমরা স্বচ্ছতা ও জবাবদিহিতায় বিশ্বাসী। ইতোমধ্যে আমরা তাপসহিষ্ণু পিপিআর ভ্যাকসিন, বিএলআরআই নেপিয়ার-৪ এবং বাছুরের দুধের বিকল্প মিল্ক রিপ্লেসার প্রযুক্তি তিনটি প্রাণিসম্পদ অধিদপ্তর ও অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করেছি এবং মাঠ পর্যায়ে সম্প্রসারণ হচ্ছে। কয়েকটি নতুন প্রযুক্তি যেমন স্বর্ণা নামক ডিম পাড়া মুরগীর জাত, ভ্রূণ স্থানান্তরের মাধ্যমে উন্নত জাতের গাভী উৎপাদন প্রযুক্তি খাদ্য বর্জ হতে গো-খাদ্য উৎপাদন প্রযুক্তি, ফিড মাস্টার এনডয়েট প্রযুক্তি, পিপিআর রোগ দমনে বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত মডেল বর্তমানে ভেলিডেশনের কাজ চলমান রয়েছে যা অতিশীঘ্রই মাঠ পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব হবে। লাগসই প্রযুক্তি উদ্ভাবনে নতুন নতুন গবেষণা পরিকল্পনা হাতে নেয়া হয়েছে, যা বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত জরুরী ও প্রয়োজনীয়। তিনি বায়োটেকনোলজি বিভাগ, বিভাগের জনবল সৃজন ও গবেষণাগার নির্মাণের বিস্তারিত তুলে ধরেন। এবং দেশের পুষ্টি চাহিদা পূরণের লক্ষে এই ইনস্টিটিউটকে চ্যালেঞ্জ নিয়ে কাজ করার অংগীকার পূর্ণব্যক্ত করেন।